

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া
প্রতিষ্ঠান কোড : ২০০০৯৯

স্মারক নং-৫৭.০৩.১০২০.৩০২.৯৯.০০৩.২০২২-৩৪০

তারিখ : ২১/০৯/২০২২ খ্রিঃ

পুনঃ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০০৯(০৮), তারিখঃ ১৮/০৯/২০২২ খ্রিঃ মোতাবেক এ ইন্সটিটিউটের (ক) আগস্ট-সেপ্টেম্বর-২০২২ মাসে অনুষ্ঠিত ৩য়, ৫ম, ৭ম পর্ব সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী শিক্ষার্থী (খ) ২য় ও ৪র্থ পর্বের হাজিরা কম থাকার কারণে পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ শিক্ষার্থী (গ) ৫ম ও ৭ম পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হওয়ার কারণে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গত আগস্ট-সেপ্টেম্বর-২০২২ সময়ে অনুষ্ঠিত বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকৃত শিক্ষার্থীদের পুনঃ ভর্তির নিমিত্ত অধ্যক্ষ, বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট বরাবরে সাদা কাগজে লিখিত আবেদন করার জন্য নির্দেশ দেয়া হলো।

- ২। শিক্ষার্থীকে সর্বশেষ পরীক্ষার এডমিট কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিসহ ২ সেট আবেদনপত্র আগামী ২০/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে একাডেমিক শাখায় জমা দিতে হবে।
- ৩। পর্বে পুনঃ ভর্তির জন্য ভর্তি ফি বাবদ ১০/- (দশ) টাকা, বোর্ড নির্ধারিত পুনঃ ভর্তি ফি বাবদ ২০০/- টাকা রশিদমূলে ইন্সটিটিউটের হিসাব শাখায় জমা দিতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের মধ্যে পুনঃ ভর্তি হতে ব্যর্থ শিক্ষার্থী চলতি পর্বে এ ইন্সটিটিউটের শিক্ষার্থী হিসেবে গণ্য হবে না এবং আগামী পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৫। ৫ম ও ৭ম পর্বে ৪ (চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য যে সকল শিক্ষার্থী গত আগস্ট-সেপ্টেম্বর -২০২২ সময়ে অনুষ্ঠিত বোর্ড চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করেছে তারা পুনরায় ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে ৬ষ্ঠ ও ৮ম পর্বে তাদের সাময়িক অধ্যয়নের অনুমতি এবং পুনঃভর্তি প্রবিধান ২০১০ এর ৪.১৪.৫ উপ-ধারা মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর:

(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ : ২১/০৯/২০২২ খ্রিঃ

স্মারক নং-৫৭.০৩.১০২০.৩০২.৯৯.০০৩.২০২২-৩৪০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. উপাধ্যক্ষ, এ ইন্সটিটিউট।
২. চীফ ইন্সট্রাক্টর / বিভাগীয় প্রধান, সকল টেকনোলজি, এ ইন্সটিটিউট (বিজ্ঞপ্তিটি শিক্ষার্থীদের মাঝে প্রচারের অনুরোধসহ)
৩. ফোকাল পয়েন্ট, প্লেসমেন্ট সেল, এ ইন্সটিটিউট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. নোটিশ বোর্ড, এ ইন্সটিটিউট।
৫. নথি।

স্বাক্ষর:

(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া

স্বাক্ষর: